ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৯০২
বিলোনিয়া, ২৩ জুলাই, ২০২৫

**৬ষ্ঠ অর্থ কমিশনের প্রতিনিধিদের বিলোনিয়া সফর**

৬ষ্ঠ রাজ্য অর্থ কমিশনের একটি প্রতিনিধি দল আজ দক্ষিণ ত্রিপুরা জেলা সফরে আসেন।এ উপলক্ষ্যে বিলোনিয়া সার্কিট হাউসের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান গ্রামোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জেলা শাসক মোঃ সাজ্জাদ পি, ৬ষ্ঠ রাজ্য অর্থ কমিশনের সদস্য সচিব আকিঞ্চন সরকার, নগর উন্নয়ন দপ্তরের অধিকর্তা মেঘা জৈন, পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসূন দে, বিলোনিয়া এবং শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সনগণ, সাব্রুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন, বিভিন্ন ব্লকের ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যানগণ, জিলা পরিষদের বিভিন্ন স্থায়ী কমিটির সভাপতিগণ সহ বিভিন্ন পঞ্চায়েত ও ভিলেজ কমিটির প্রতিনিধিগণ।

সভায় দক্ষিণ ত্রিপুরা জেলার সামগ্রিক উন্নয়ণের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি, পরিকল্পনা এবং তা বাস্তবায়নে অর্থ বরাদ্দের উপর বিস্তারিত আলোচনা করেন জনপ্রতিনিধিগণ। এছাড়া জেলার তিনটি নগর এলাকায় রাস্তাঘাট, পানীয়জল, পাকা ড্রেন ইত্যাদির উপর আলোচনার পাশাপাশি জেলার অন্তর্গত সমস্ত পঞ্চায়েতের নিজস্ব আয় বৃদ্ধির উপরও আলোচনা হয়। সভায় ৬ষ্ঠ রাজ্য অর্থ কমিশনের চেয়ারম্যান অভিষেক সিং সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে জানান,আগামী ৫ বছরে রাজ্যের সংগৃহীত কর গ্রামীণ এবং শহর এলাকার উন্নয়নে ব্যয়ের রূপরেখা তৈরী করার লক্ষ্যে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় সে ব্যাপারে বিস্তারিত আলোচনার পাশাপাশি জনপ্রতিনিধিদের কাছ থেকে পরামর্শও নেওয়া হয়। সভায় দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত জেলার উন্নতিকল্পে বিভিন্ন দাবি দাওয়া, প্রস্তাব সম্বলিত একটি মেমোরেন্ডাম কমিশনের চেয়ারম্যানের হাতে তুলে দেন।

******